# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২৩-২০২৪/ ৬০ তারিখ ঃ ০৫/০৭/২০২৩

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৯/০৭/২০২৩ তারিখ রোজঃ রবিবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। GAP বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।
৩। বর্জ্য ব্যবস্থপনা বিযয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোছাঃ মুনুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.........................................................

.........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০৯-০৭-২০২৩ খ্রিঃ
রোজ ঃ রবিবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচ্য বিষয় ঃ GAP বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

আলোচনাঃ আলোচ্য বিষয়ে আলোচনা কালে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ কমিটির সদস্য সচিব ও সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা- মোঃ হাসানুজ্জামান বলেন, আপনারা অবগত আছেন, জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নের লক্ষ্যে (২০১৪ -২০২০) পর্যন্ত ০৬ বছর মেয়াদী কর্ম-পরিকল্পনা করা হয়েছিল, মেয়াদ শেষ হলেও সে পরিকল্পনাকে ভিত্তি ধরে অর্থাৎ সে কর্ম-পরিকল্পনার আলোকে জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরে ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ করণের বাধ্যবাধকতা রয়েছে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ নিম্নোক্ত ভাবে আলোচনা করেন।

মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর (সংরক্ষিত-০১) জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নের লক্ষ্যে যে ০৬ বছর মেয়াদী কর্ম-পরিকল্পনা করা হয়েছিল, তার আলোকে এবং বর্তমান চাহিদা অনুযায়ী নতুন কার্যক্রম অন্তর্ভূক্ত করে ২০২৩-২০২৪ অর্থ বছরে ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করনের জন্য মতামত প্রদান করেন।

মোছাঃ মুন্নুজান, কাউন্সিলর (সংরক্ষিত-০৩) জয়পুরহাট পৌরসভা ও সভাপতি, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার GAP বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত দীর্ঘ মেয়াদী পরিকল্পনার আলোকে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে খসড়া কর্ম-পরিকল্পনা করে তা পরিবর্তী কমিটি সভায় উপস্থাপন করার বিষয়ে মতামত প্রদান করেন।

মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, বিষয়টি গুরত্বপূর্ণ বিধায় মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে কর্ম-পরিকল্পনা প্রনয়নের বিষয়ে মতামত প্রদান করেন।

সিদ্ধান্ত ঃ ২০২৩-২৪ অর্থ বছরে জয়পুরহাট পৌরসভার GAP বাস্তবায়নের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে এ কমিটির সদস্যদের সাথে আলোচনা করে খসড়া কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান আগামী মাসিক সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

D:\Md. Hasanuzzaman\Nari & Shishu Standing Commetee\Nari & Shisu Bisoyok Comitee.doc

।লোচ্য সূচী-৩। বর্জ্য ব্যবস্থপনা বিষয়ে আলোচনা।

আলোচনাঃ সভাপতি মহোদয় সভায় উপস্থিত জয়পুরহাট পৌরসভার সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ হাসানুজ্জামান কে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সভায় আলোকপাত করার জন্য অনুরোধ করেন। তার প্রেক্ষিতে জনাব মোঃ হাসানুজ্জামান বলেন, পৌরসভার বর্জ্যের ক্ষতিকর প্রভাব নিরসন করে জয়পুরহাট পৌরসভাকে স্বাস্থ্যকর ও পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সম্যক ধারনা থাকা আবশ্যক। বর্জ্যের বিভিন্ন উৎস রয়েছে যেমন, গৃহস্থালী, হাসপাতাল, কারখানা। তবে জয়পুরহাট পৌরসভার মধ্যে বর্জ্যের অন্যতম উৎস হচ্ছে গৃহস্থালী। তাই ঘরে ঘরে বর্জ্য ব্যবস্থপনা চর্চা সৃষ্টির লক্ষ্যে পৌরসভা হতে ব্যাপক সচেতনা মূলক কর্মসূচী গ্রহণ করতে হবে। যেমন, উঠান বৈঠকে আলোচনা, র‍্যালী আয়োজন, বিভিন্ন প্রশিক্ষণে আলোচনা, মাইকিং করা, মসজিদ, মন্দিরসহ বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ে ও জমায়েতে আলোচনা, লিফলেট বিতরণ, পোষ্টারিং, টেলিভিশনে স্ক্রলিং প্রভৃতি। তিনি আরো বলেন, গৃহস্থালীর ক্ষেত্রে বর্জ্য সাধারণত দু'ধরণের হয়ে থাকে। যেমন, অজৈব বা অপঁচনশীল বর্জ্য ও জৈব বা পঁচনশীল বর্জ্য, এ দু' ধরণের বর্জ্যকে আলাদা আলাদা ভাবে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। সেটা বাসা বাড়ী থেকে শুরু করে বিভিন্ন ধাপে পৌরসভার ময়লা আর্বজনা ফেলার স্যানিটারী ল্যান্ড ফিল পর্যন্ত। এ আলোচনার প্রেক্ষিতে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য ও কাউন্সিলর (সংরক্ষিত-০১) জয়পুরহাট পৌরসভা জনাবা মোছাঃ জান্নাতুল ফেরদৌস বলেন, তাহলে প্রত্যেক বাসা বাড়ীতে দুটি করে ময়লা ফেলার ঝুড়ি রাখতে হবে এবং পৌরসভা হতে প্রতিটি এলাকায় ময়লা নেওয়ার জন্য একসঙ্গে দুটি করে ভ্যানগাড়ী অথবা দুই চেম্বার বিশিষ্ট ভ্যান গাড়ী সরবরাহ করতে হবে।

আলোচনা চলাকালে সভাপতি মহোদয় বলেন, ইউজিপ-৩ প্রকল্প হতে বাসা-বাড়ীতে জৈব ও অজৈব বর্জ্য পৃথক করার জন্য ০২ টি করে ডাস্টবিন পৌরসভা বরাবর সরবরাহ করেছেন, কিন্তু তা পর্যাপ্ত না হওয়ায় মেয়র মহোদয় আরোও দুই চেম্বার বিশিষ্ট ৫০০০টি ডাস্টবিন ক্রয়ের জন্য টেন্ডার দিয়েছেন, ঠিকাদার কর্তৃক ডাস্টবিন সরবরাহ হলে বাসা-বাড়ীতে তা বিনামূল্যে দেওয়া হবে এবং ইতিমধ্যে ইউজিপ-৩ প্রকল্প হতে দুই চেম্বার বিশিষ্ট কয়েকটি ভ্যানগাড়ী সরবরাহ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ- এ কমিটির তত্ত্বাবধানে প্রত্যেক ওয়ার্ডে নারীদের নিয়ে অনুষ্ঠিত উঠান বৈঠকে বর্জ্য ব্যবস্থাপনা সচেতনতা মূলক আলোচনা এবং কমিটির সদস্যগণ যেকোন আলোচনা সভায় বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

তারিখ ঃ ০৭/০৭/২০২৩

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২৩-২০২৪/ ৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০৯/০৭/২০২৩ ইং।
রোজ ঃ রবিবার ।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ জান্নতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | [signature] |

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২৩-২০২৪/ ৯৯২ তারিখ ঃ ০৬/০৮/২০২৩ ইং

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৯/০৮/২০২৩ তারিখ রোজঃ বুধবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। GAP বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনার খসড়া উপস্থাপন ও অনুমোদন প্রসঙ্গে।
৩। শিশু কিশোর শ্রম বন্ধে জনগনকে সচেতন করা প্রসঙ্গে।
৪। বিবিধ।

(স্বাক্ষর)

(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০৯-০৮-২০২৩ইং
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**
**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী-২। **GAP বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনার খসড়া উপস্থাপন ও অনুমোদন প্রসঙ্গে।**
আলোচনাঃ- সভাপতি মহোদয়ের অনুমতি সাপেক্ষ্যে উক্ত কমিটির সদস্য সচিব সভায় বলেন, গত সভার সিদ্ধান্তের আলোকে GAP খাতে পৌরসভার রাজস্ব বাজেটের বরাদ্দ সাপেক্ষে ২০২৩-২৪ অর্থ বছরের GAP বাস্তবায়নের খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে সভায় উপস্থাপন করা হলো। যা নিম্নরূপঃ-

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

**ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা জেন্ডার এ্যাকশান প্ল্যান (GAP) জুলাই ২০২২ - জুন ২০২৩**

পৌরসভার নাম ঃ জয়পুরহাট পৌরসভা, জেলা ঃ জয়পুরহাট।

তারিখ ঃ ২৪/০৭/২০২২

| ক্র: নং | কর্মতৎপরতা | বাস্তবায়ন কাল | বাজেট | বাস্তবায়ন কাল | বাজেট | বাস্তবায়ন কাল | বাজেট | বাস্তবায়ন কাল | বাজেট | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জুলাই-সেপ্টেম্বর | | অক্টোবর-ডিসেম্বর | | জানুয়ারী-মার্চ | | এপ্রিল-জুন | | |
| ১ | নির্ধারিত কার্য পরিধি অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি পরিচালনা ১২টি | √ | ৩,০০০/- | √ | ৩,০০০/- | √ | ৩,০০০/- | √ | ৩,০০০/- | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ২ | নারীদের অর্থনৈতিক সক্ষমতার জন্য কর্ম সংস্থান মূলক প্রশিক্ষণ ( বিউটি পার্লার, কাগজের ঠোঙ্গা বানানো, সেলাই ও কম্পিউটার) ৪০ জন | - | - | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | - | - | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ৩ | কাঁচা বাজারে নারী বিক্রেতাদের জন্য সুযোগ সৃষ্টি করা/বউ বাজার সৃষ্টি ১টি/নারী বান্ধব অবকাঠামো নির্মাণ | - | - | - | - | | - | √ | ১,৮৬,০০০/- | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ৫ | অসহায় ও দুস্থ নারীদের স্বাস্থ্যসেবা প্রদান | √ | ১,০০,০০০/- | √ | ৬০,০০০/- | √ | ৫০,০০০/- | √ | ১,০০,০০০/- | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ৬ | অসহায় ও দুস্থ নারীদের মাঝে শীত বস্ত্র/ বস্ত্র বিতরণ | √ | ১,০০,০০০/- | - | ৫০,০০০/- | √ | ১,০০,০০০/- | - | ৫০,০০০/- | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ৭ | অসহায় ও দুস্থ নারীদের মাঝে নগদ টাকা সাহায্য প্রদান | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ৮ | দরিদ্র পরিবারের ছাত্রীদের মাঝে বই/শিক্ষা সামগ্রী বিতরণ | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | √ | ২০,০০০/- | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ৯ | মহিলাদের জন্য পাবলিক টয়লেট নির্মাণ | - | - | - | - | - | - | √ | ৩,৩২,০০০/- | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | সভাপতি ও সদস্য সচিব |
| ১০ | নারী সেকশন পরিচালনা | √ | ৩০,০০০/- | √ | ৩০,০০০/- | √ | ৩০,০০০/- | √ | ৩০,০০০/- | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ১১ | হত দরিদ্র নারীদের মাঝে খাদ্য সহায়তা | √ | ২০,০০০/- | √ | ৫০,০০০/- | - | ৫০,০০০/- | - | ৫০.০০০/- | মেয়র, সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| | মোট বাজেট জুলাই-সেপ্টেম্বর কোয়ার্টার | | ৩,৫৩,০০০/- | | | | | | | |
| | মোট বাজেট অক্টোবর-ডিসেম্বর কোয়ার্টার | | | | ৩,৪৩,০০০/- | | | | | |
| | মোট বাজেট জানুয়ারী-মার্চ কোয়ার্টার | | | | | | ৩,৮৩,০০০/- | | | |
| | মোট বাজেট এপ্রিল-জুন কোয়ার্টার | | | | | | | | ৮,২১,০০০/- | |
| | সর্বমোট বাজেট জুলাই ২০২২ - জুন ২০২৩ | | | | ১৯,০০,০০০/- (উনিশ লক্ষ) টাকা মাত্র। | | | | | |

খসড়া কর্ম-পরিকল্পনা উপস্থিত সদস্যগণ বিশ্লেষন করে নিজেদের মধ্যে বিস্তারিত আলাপ আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন।

সিদ্ধান্তঃ- ২০২৩-২৪ অর্থ বছরে GAP বাস্তবায়নের জন্য প্রণয়নকৃত ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং উক্ত কর্মপরিকল্পনা মোতবেক জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নের লক্ষ্যে ব্যয় করা হবে।

<u>৩নং আলোচ্য বিষয় ঃ শিশু কিশোর শ্রম বন্ধে জনগনকে সচেতন করা প্রসঙ্গে।</u>

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর সভার সভাপতি মহোদয় বলেন, কিশোর শ্রম, একটি বড় সামাজিক সমস্যা। সমাজের এক শ্রেনীর মানুষ তাদের হীন স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে দারিদ্রতার সুযোগ নিয়ে তাদের ব্যবসায়িক প্রতিষ্ঠানে প্রাপ্ত বয়স্ক কর্মচারী/লেবার নিয়োগের পরিবর্তে স্বল্প মজুরীতে ছোট ছোট শিশু-কিশোরদের কাজে নিয়োগ করে থাকে। ফলে ঐ সব শিশু-কিশোররা শিক্ষা অর্জন থেকে বঞ্চিত হয়। এ প্রসঙ্গে কমিটির সম্মানিত সদস্যা জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস ঝর্ণা বলেন, দারিদ্রতার কারণে অনেক পরিবারের অবিভাবকগণ তাদের শিশু-কিশোর সন্তানদের বিভিন্ন প্রতিষ্ঠানে কাজে লাগায়। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) জয়পুরহাট পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্ব-স্ব কাউন্সিলরগণের নেতৃত্বে ওয়ার্ডের সকল মহল্লার গন্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে বিভিন্ন সভা সমাবেশে শিশু-কিশোর শ্রম বন্ধ করার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) জয়পুরহাট পৌরসভার সকল স্বাস্থ্যকর্মী ও মাঠকর্মীগণ মাঠ পর্যায়ে কাজ করার সময় বিশেষ করে দরিদ্র পরিবারের অবিভাবকগণকে তাদের শিশু-কিশোরদের উপার্জনের কাজে না লাগিয়ে তাদের যেন লেখাপড়া করার জন্য স্কুলে পাঠায় সে বিষয়ে কর্মীগণ অবিভাবকগণকে উদ্বুদ্ধ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২২-২০২৩/ ২২৫ তারিখ ঃ ৭/৮/২৩

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ............................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০৯/০৮/২০২৩ ইং।
রোজ ঃ বুধবার ।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ জান্নাতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | |